৪৭

আজকের কাগজ

তারিখ ...28 APR 1995...
পৃষ্ঠা ৬ কলাম ২

## বরগুনায় উপআনুষ্ঠানিক শিক্ষা বিস্তারের ওপর কর্মশালা অনুষ্ঠিত

সমন্বিত উপানুষ্ঠানিক শিক্ষা বিস্তার কার্যক্রম সম্পর্কে জনসাধারণকে সচেতন করে তোলার লক্ষ্যে ৫ এপ্রিল একদিনের এক কর্মশালা বরগুনা সিরাজউদ্দিন মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সদর থানা নির্বাহী কর্মকর্তা ফজলুল আমিনের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় জেলা প্রশাসক তোফাজ্জল হোসেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কর্মশালার শুরুতে স্বাগত বক্তব্য রাখেন মতিউর রহমান। আলোচনায় অংশগ্রহণ করেন- রাজিয়া বেগম, আঃ হালিম, আঃ মোতালেব মৃধা, জাকির হোসেন সিরাজ ও মোশারেফ হোসেন। কর্মশালায় মসজিদের ইমাম, সরকারি ও রেজিস্টার প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক /শিক্ষিকা, গণশিক্ষা কার্যক্রমের শিক্ষক/- শিক্ষিকা এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্যরা কর্মশালায় অংশগ্রহণ করেন। বরগুনা থেকে হাসান ঝন্টু।